

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ই-১৪/ওয়াই, ব্যান্ডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং- ০৫৩.২৪.০০২.২৪-১১৪১

তারিখ: ১১.০৩.২০১৫খ্রি:


জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সরকার নির্ধারিত সর্বসাকুল্য বেতনে নিম্নলিখিত শূণ্যপদসমূহে নিয়োগ এবং পরবর্তীতে পদশূণ্য হলে নিয়োগের জন্য প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে পূর্ণ জীবন-বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স (বছর)	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী প্রোগ্রামার	২টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ৯ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) ফলিত পদার্থ বিজ্ঞান স্নাতকোত্তর ডিগ্রী/ইনফরমেশন কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং/ টেলিকমিনিকেশন ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী। খ) প্রোগ্রামিং-এর স্ট্যান্ডার্ড এ্যাপ্টিচ্যুড টেস্ট-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। ঘ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
০২	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	২টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ৯ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ইঞ্জিনিয়ারিং/ফলিত পদার্থ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। খ) স্ট্যান্ডার্ড এ্যাপ্টিচ্যুড টেস্ট-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। ঘ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
০৩	কম্পিউটার অপারেটর	১টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ১৩ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) ন্যূনতম স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার পাবে) উত্তীর্ণ। খ) কম্পিউটার ব্যবহারে পর্যাপ্ত দক্ষতা এবং এম.এস অফিস প্রোগ্রামে (বাংলা ও ইংরেজী উভয় ক্ষেত্রে) দক্ষতা থাকতে হবে। গ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। ঘ) প্রার্থীকে মানসম্পন্ন এ্যাপ্টিচ্যুড টেস্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।
০৪	হিসাবরক্ষক	১টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ১৩ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান/ ব্যবসা প্রশাসন/ফিন্যান্স এ সর্বনিম্ন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ ও স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) কম্পিউটার ব্যবহারে প্রার্থীর অবশ্যই পর্যাপ্ত দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে মানসম্পন্ন এ্যাপ্টিচ্যুড টেস্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।

*বিঃদ্র: মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর।

আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা (ই-মেইল এড্রেস ও একটিভ মোবাইল নম্বরসহ), শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও ২৫/০৩/২০১৫ খ্রিঃ তারিখে বয়স, পত্র যোগাযোগের জন্য প্রতিটিতে ৫/- (পাঁচ) টাকার ডাকটিকেট লাগানো নিজ ঠিকানা সম্বলিত ৩টি ৯" x ৪.৫" খাম, জাতীয়তা ও অভিজ্ঞতার বিবরণসহ আবেদনপত্র আগামী ২৫/০৩/২০১৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ৩ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট থেকে নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। প্রকল্প পরিচালক, সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প বরাবরে ০১ থেকে ০৩ নং পদ সমূহের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ০৩ ও ০৪ নং পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপর প্রকল্পের নাম এবং পদের নাম উল্লেখ করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। একই ধরনের প্রকল্পে কর্মরত ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। নিয়োগ/প্যানেল প্রস্তুতের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।


প্রকল্প পরিচালক

সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও

ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ই-১৪/ওয়াই, ব্যান্ডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।